

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স : +৮৮০-২-৯৬৭৬৬০০



PHARMACY COUNCIL OF BANGLADESH

Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৫-৪৪১

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৫ খ্রি.

৬৪তম ফার্মেসি সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

ওষুধ ব্যবসায়ের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ হতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ৬৪তম ফার্মেসি সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের জুলাই ২০২৫ সেশনের ভর্তি অনলাইনে (Online) শুরু করা হবে। অনলাইন (Online) আবেদনের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনলাইনে (Online) ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড (VISA, Master Card, Amex), মোবাইল ব্যাংকিং (bKash, রকেট, নগদ, mCash, AB, t-Cash, Wallet, শিওর ক্যাশ, Dmoney), ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে জমা করতে হবে। কাউন্সিল নির্ধারিত ফি প্রদানের ক্ষেত্রে অনলাইন চার্জ আবেদনকারীকে বহন করতে হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে পে-অর্ডার/ডি.ডি গ্রহণযোগ্য নয়।

উল্লেখ্য অনলাইনে (Online) আবেদনের পূর্বে আবেদনকারীকে আবেদনের নির্দেশিকাটি ভালো করে জেনে নিতে হবে এবং নির্দেশিকা অনুসারে অনলাইনে (Online) আবেদনপত্র পূরণ, সংশ্লিষ্ট কাগজপত্রাদি সংযুক্ত (Upload) ও নির্ধারিত ফি জমা করতে হবে। অন্যথায় আবেদনকারীর আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে এবং ফি অফেরতযোগ্য।

ভর্তির যোগ্যতা :

- ১। আবেদনকারীকে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। আবেদনকারীর বয়সসীমা ১৮-৫৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। ড্রাগ লাইসেন্সধারী ফার্মেসির মালিক নিজে বা তাঁর ফার্মেসিতে কর্মরত এক বা একাধিক ব্যক্তি।

অনলাইনে (Online) আবেদনপত্র পূরণ, নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত (Upload) ও নির্ধারিত ফি জমা করতে হবে :

- ১। এস.এস.সি/সমমানের সনদপত্রের সত্যায়িত কপি।
- ২। সংশ্লিষ্ট ফার্মেসির ড্রাগ লাইসেন্সের সত্যায়িত কপি এবং মনোনীত ব্যক্তির ক্ষেত্রে ফার্মেসির নিজস্ব প্যাডে মালিক কর্তৃক প্রত্যয়নপত্র।
- ৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি।
- ৫। কোর্স ও পরীক্ষার ফি বাবদ সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনলাইনের (Online) মাধ্যমে জমা করতে হবে।

মুহাম্মদ মাহবুবুল হক

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল